# সকল বোর্ড-২০১৬

## বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট

বিষয় কোড : ১ ৫ ৩

### সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান— ৭০

*[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।]*

১. ▶ হৃদিতা, নাফিসা ওদের মামা মুন্নার সাথে 'জাতীয় যাদুঘর' ও 'মুক্তিযুদ্ধ জাদুঘরে' বেড়াতে যায় এবং অনেক নিদর্শন দেখে। সেখানে হৃদিতা মসলিন শাড়ী, নবাবদের ব্যবহৃত আসবাবপত্র, গহনা দেখে এবং নাফিসা মুক্তিযুদ্ধের বিরুদ্ধ পক্ষের আত্মসমর্পণ দলিল ও বিভিন্ন ঐতিহাসিক ঘটনা সম্বলিত পুস্তক, পত্রিকা দেখে।

ক. ইতিহাসের জনক কে? ১

খ. ইতিহাস কীভাবে সচেতনতা বৃদ্ধি করে? ২

গ. জাদুঘরে হৃদিতা ইতিহাসের কোন ধরনের উপাদান দেখেছিল? পাঠ্যবইয়ের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. প্রাচীন বিশ্বসভ্যতা সম্পর্কে জানার জন্য নাফিসার দেখা ইতিহাসের উপাদানগুলো খুব গুরুত্বপূর্ণ— উক্তিটি মূল্যায়ন কর। ৪

২. ▶ শিশু কাকন স্কুলের শিক্ষার্থীরা সম্প্রতি আবিষ্কৃত প্রাচীন পুরাকীর্তি দেখার জন্য নদীর তীরে অবস্থিত কুসুমপুরে শিক্ষা সফরে যায়। ওখানে শিক্ষার্থীরা দুর্গ প্রাচীর, পাকা রাস্তাসহ ইট নির্মিত স্থাপত্য কীর্তি দেখতে পায়। এছাড়া পুঁতির কারখানা, রৌপ্য মুদ্রা, সুদর্শন লকেট, মন্ত্রপুত কবচ, বাটখারাও দেখে। প্রাচীনকালে কুসুমপুর ছিল গুরুত্বপূর্ণ নদী বন্দর ও আন্তর্জাতিক বাণিজ্য কেন্দ্র।

ক. সোমপুর বিহার কে নির্মাণ করেন? ১

খ. চর্যাপদের বিবরণ দাও। ২

গ. উদ্দীপকের উল্লিখিত নিদর্শন সমৃদ্ধ স্থানটি কোন প্রত্নতাত্ত্বিক নিদর্শন স্থানকে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'উদ্দীপকের নিদর্শনগুলো সংরক্ষণ করা অতীব জরুরী'— উক্তিটি মূল্যায়ন কর। ৪

৩. ▶ আরিফ খান কর্মকুশলী হলেও শারীরিক গঠন আকর্ষণীয় না হওয়ায় কোনো জমিদার তাঁকে চাকরি দিতে চায় না। শেষ পর্যন্ত জমিদার কাসেম

https://teachingbd24.com

সাহেব তাঁকে চাকরি দেন। আরিফ খান এ সামান্য কাজে তৃপ্ত নন। তাই তিনি কয়েকজন সহযোগী নিয়ে ছদ্মবেশে পার্শ্ববর্তী অঞ্চল শ্রীপুর অতি সহজেই জয় করেন। শ্রীপুরের দুর্বল জমিদার পালিয়ে যান। আরিফ খান শ্রীপুরে নিজ ধর্ম ও শাসন প্রতিষ্ঠা করেন।

ক. 'বুলগাকপুর' কথাটির অর্থ কী? ১

খ. বারো ভূঁইয়া বলতে কী বোঝায়? ২

গ. আরিফ খানের কর্মকাণ্ড মধ্যযুগের বাংলার কোন শাসকের সাথে সংগতিপূর্ণ? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'উক্ত শাসকই বাংলায় প্রথম নিজ ধর্মের শাসন কায়েম করেন"— বক্তব্যের সপক্ষে যুক্তি দাও। ৪

৪. ▶ তথ্য–১

(i) সুলতানদের জুমা ও ঈদের নামাজে খুতবা পাঠ করা।
(ii) সমাজে উচ্চ, মধ্যম ও নিম্ন তিন শ্রেণির লোক ছিল।
(iii) পীর ফকিরদের যথেষ্ট প্রভাব ছিল।

তথ্য–২

(i) জাতিভেদ প্রথা প্রচলিত ছিল।
(ii) কৌলীন্য প্রথা প্রচলিত ছিল।

ক. ষাট গম্বুজ মসজিদ কোথায় অবস্থিত? ১

খ. বাংলার অর্থনৈতিক সমৃদ্ধির মূল উৎসটি ব্যাখ্যা কর। ২

গ. তথ্য-১ দ্বারা মধ্যযুগের যে সমাজের কথা বলা হয়েছে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. তথ্য-২ দ্বারা বাংলার হিন্দু সমাজের সামাজিক অবস্থার প্রতিফলন ঘটেছে– বিশ্লেষণ কর। ৪

৫. ▶ আব্দুল কাদির মক্কায় গিয়ে ইসলামী শিক্ষায় জ্ঞান লাভ করেন। দেশে ফিরে তিনি দেখেন, বিদেশী শাসনের প্রভাবে মুসলমানরা ইসলামের মূল ধারা থেকে দূরে সরে পড়েছে। তিনি ইসলাম রক্ষা ও বিদেশী শাসন থেকে দেশকে মুক্ত করার জন্য আন্দোলন শুরু করেন। তার ধর্মসংস্কার আন্দোলনটি শেষ পর্যন্ত বিদেশী বিরোধী আন্দোলনে রূপ নেয়।

ক. ভারতের প্রথম আধুনিক পুরুষ কে? ১

Teachingbd24.com

খ. কেন মুহম্মদ মহসীনকে দানবীর বলা হয়? ২

গ. উদ্দীপকে বর্ণিত আব্দুল কাদিরের সাথে তোমার পাঠ্যবইয়ের কোন মনীষীর মিল পাওয়া যায়? পাঠ্যবইয়ের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. "ধর্মসংস্কার আন্দোলনটি বিদেশী বিরোধী আন্দোলনে রূপ নেয়"— বক্তব্যটি বিশ্লেষণ কর। ৪

৬. ▶ চিত্রটি লক্ষ কর এবং প্রশ্নের উত্তর দাও:


শহিদ রফিক


শহিদ সালাম


শহিদ শফিউর


শহিদ বরকত

ক. ইউনেস্কো কত সালে ২১ ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ঘোষণা করে? ১

খ. ১৯৫৪ সালের নির্বাচনের তাৎপর্য ব্যাখ্যা কর। ২

গ. চিত্রে প্রদর্শিত ব্যক্তিবৃন্দের কর্মকাণ্ড কোন আন্দোলনকে নির্দেশ করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত আন্দোলন পরবর্তী জাতীয়তাবাদী আন্দোলনকে উদ্দীপিত করে— তোমার মতামত দাও। ৪

৭. ▶ রহমত উল্লাহ 'ক' রাষ্ট্রের শাসক। দেশে জরুরী অবস্থা জারি করে তিনি দীর্ঘ দশ বছর জনগণকে শাসন ও শোষণ করেন। এক সময় জনগণ বিক্ষুব্ধ হয়ে প্রতিবাদ করতে শুরু করে। জনগণ জীবনের ঝুঁকি নিয়ে সকল বাঁধা উপেক্ষা করে স্বৈরশাসকের বিরুদ্ধে আন্দোলনে ঝাঁপিয়ে পড়ে। ক্ষমতায় টিকে থাকার জন্যে রহমত উল্লাহ সর্বাত্মক চেষ্টা চালিয়ে যান। অবশেষে গণআন্দোলনের মুখে তিনি ক্ষমতা হস্তান্তরে বাধ্য হন।

Teachingbd24.com

ক. পাকিস্তান ইসলামি প্রজাতন্ত্রের প্রেসিডেন্ট কে ছিলেন? ১

খ. মৌলিক গণতন্ত্রের কাঠামো কীরূপ ছিল? ২

গ. উদ্দীপকে উল্লিখিত গণআন্দোলন তোমার পাঠ্যবইয়ের কোন আন্দোলনের সাথে সামঞ্জস্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'উদ্দীপকের জনগণের মনোভাবই দেশের স্বাধীনতা বয়ে এনেছে'— পাঠ্যবইয়ের আলোকে উক্তিটি বিশ্লেষণ কর। ৪

৮. ▶ ছকটি লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও :

| | | |
|---|---|---|
| A | ← | গণমাধ্যমের ভূমিকা |
| B | ← | নারীদের ভূমিকা |
| C | ← | স্বাধীনতা বিরোধীদের তৎপরতা |

ক. মুজিবনগর সরকারের প্রধানমন্ত্রীর নাম কী ছিল? ১

খ. অপারেশন 'সাচ লাইট' বলতে কী বুঝ? ২

গ. "B"-এর ভূমিকা মহান মুক্তিযুদ্ধে গৌরব উজ্জ্বল অবদান রেখেছিল— ব্যাখ্যা কর। ৩

ঘ. "C"-এর ভূমিকা ছিল বাঙালীর জন্য ঘৃণ্য তৎপরতা— এর সপক্ষে তোমার মতামত দাও। ৪

৯. ▶ তারান্নুম প্রাচীন বিশ্বসভ্যতা সম্পর্কীয় ম্যাগাজিন পড়তে গিয়ে তালতলা অঞ্চলের জীবন ব্যবস্থা সম্পর্কে অবগত হয়। আজ থেকে কয়েক হাজার বছর আগে তালতলা অঞ্চল কৃষিতেই শুধু উন্নত ছিল না। তারা বর্ণমালা আবিষ্কার এবং লেখার জন্য বিশেষ গাছ থেকে কাগজ তৈরি করেন। ভাস্কর্য ও স্থাপত্যের ক্ষেত্রেও তারা উল্লেখযোগ্য অবদান রাখেন।

ক. গণতন্ত্রের সূচনা হয় কোথায়? ১

খ. নবোপলীয় যুগ বলতে কী বুঝ? ২

গ. তারান্নুমের ম্যাগাজিনে পড়া তালতলা অঞ্চলের সভ্যতার সাথে প্রাচীন কোন সভ্যতার মিল পাওয়া যায়? ব্যাখ্যা করে। ৩

ঘ. "উদ্দীপকে বর্ণিত প্রাচীন সভ্যতাটি ভাস্কর্য ও স্থাপত্যের ক্ষেত্রে বিশেষ অবদান রেখেছিল"— উক্তিটি বিশ্লেষণ কর। ৪

Teachingbd24.com

## বহুনির্বাচনি অভীক্ষা

বিষয় কোড : | ১ | ৫ | ৩ |

সময় — ৩০ মিনিট　　পূর্ণমান— ৩০

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি কালো বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. সর্বপ্রথম চট্টগ্রাম বিজেতার নাম কী?**
ক) ইওজ খলজি　খ) ইলিয়াস শাহী
গ) বখতিয়ার খলজি　ঘ) ফখরুদ্দিন মুবারক শাহ

**২. হুসেন শাহ কবি সাহিত্যিকদেরকে পুরস্কার প্রদান করতেন কেন?**
ক) সুনাম বৃদ্ধির জন্য
খ) সু-খ্যাতি পাওয়ার আশায়
গ) উৎসাহিত করার জন্য　ঘ) পুণ্য লাভের জন্য

**৩. কত খ্রিষ্টাব্দে একলাখী মসজিদ নির্মিত হয়?**
ক) ১৪১৮-১৪২১　খ) ১৪১৮-১৪২২
গ) ১৪১৮-১৪২৩　ঘ) ১৪১৮-১৪২৫

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও:**
নিশি বিশ্ববিদ্যালয়ের ছাত্রী। সে দেখল বিদেশী শাসকরা এ দেশের জনগণের ওপর নির্যাতন করে। এর প্রতিকারের জন্য সে সশস্ত্র সংগঠন গড়ে তোলে এবং সর্বাত্মক প্রতিরোধ করে ব্যর্থ হয় ও আত্মহত্যা করে।

**৪. নিশি কোন বাঙালি নারী দ্বারা অনুপ্রাণিত?**
ক) বেগম রোকেয়া　খ) প্রীতিলতা ওয়াদ্দেদার
গ) কল্পনা দত্ত　ঘ) অম্বিকা চক্রবর্তী

**৫. উক্ত নারী ও তার বাহিনী পরাজয়ের কারণ—**
i. গণবিচ্ছিন্নতা
ii. স্বার্থপরতা　iii. গোপনীয়তা
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii　খ) i ও iii　গ) ii ও iii　ঘ) i, ii ও iii

**৬. পলাশীর যুদ্ধে নবাবের পক্ষে কোন ফরাসি সেনাপতি যুদ্ধ করেন?**
ক) হল ওয়েল　খ) সিনফ্রে
গ) রবার্ট ক্লাইভ　ঘ) ওয়াটসন

**৭. পিটের ইন্ডিয়া এ্যাক্ট পার্লামেন্ট কত খ্রিষ্টাব্দে গঠিত হয়?**
ক) ১৭৮২　খ) ১৭৮৪　গ) ১৭৮৫　ঘ) ১৭৮৬

**৮. ১৭৮৬ খ্রিষ্টাব্দে ভারতে কোম্পানির শাসন দুর্নীতিমুক্ত করতে দায়িত্ব দেওয়া হয়—**
i. রবার্ট ক্লাইভকে　ii. লর্ড কর্নওয়ালিসকে
iii. ওয়ারেন হেস্টিংসকে
**নিচের কোনটি সঠিক?**
ক) i　খ) ii　গ) iii　ঘ) i, ii ও iii

**৯. রেনেসাঁ শব্দের অর্থ কী?**
ক) জাগরণ　খ) নব-জাগরণ
গ) সংগ্রাম　ঘ) গণ অভ্যুত্থান

**১০. হাজী শরীয়ত উল্লাহ ইংরেজ রাজত্বকে ঘৃণার চোখে দেখতেন কারণ—**
ক) দেশ দখলকারী　খ) আধিপত্য বিস্তারকারী
গ) স্বাধীনতা হরণকারী　ঘ) প্রজা নির্যাতনকারী

**১১. বাংলা চুক্তি কী নামে খ্যাত?**
ক) সি আর দাস ফর্মুলা　খ) মহাত্মা গান্ধী ফর্মুলা
গ) সোহরাওয়ার্দী ফর্মুলা　ঘ) মতিলাল নেহেরু ফর্মুলা

**১২. সুফি ও দরবেশের ক্ষেত্রে মিল রয়েছে—**
i. যথেষ্ট প্রভাবশালী　ii. ধর্ম শাস্ত্রে সুপণ্ডিত
iii. আধ্যাত্মিক সাধনায় নিমগ্ন
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii　খ) i ও iii　গ) ii ও iii　ঘ) i, ii ও iii

**১৩. যুক্তফ্রন্ট সরকারে কয় সদস্য বিশিষ্ট মন্ত্রি সভা গঠন করা হয়?**
ক) ১০　খ) ১২　গ) ১৪　ঘ) ১৮

**নিচের উদ্দীপকটি পড়ে ১৪, ১৫ ও ১৬ নং প্রশ্নের উত্তর দাও:**
বিষ্ণুপুর ইউনিয়ন নির্বাচনে ৫ জন প্রার্থী চেয়ারম্যান পদে অংশগ্রহণ করেন। তাদের মধ্যে মালেক চৌধুরী প্রভাবশালী ব্যক্তি। উক্ত ব্যক্তিকে পরাজিত করার জন্য বাকি ৪ জন প্রার্থী ঐক্যবদ্ধ হয়ে নির্বাচন করেন। ফলে মালেক চৌধুরী ব্যাপক ভোটের ব্যবধানে পরাজিত হন।

**১৪. উদ্দীপকের সাথে কোন সালের নির্বাচনের মিল রয়েছে?**
ক) ১৯৪৫　খ) ১৯৫০　গ) ১৯৫৪　ঘ) ১৯৫৭

**১৫. উক্ত নির্বাচনে জোটবদ্ধ দলের নাম—**
ক) কংগ্রেস　খ) কমিউনিস্ট পার্টি
গ) যুক্তফ্রন্ট　ঘ) মুসলিম লীগ

**১৬. আলোচ্য ঐক্যবদ্ধ দলের নির্বাচনী ইশতেহার ছিল—**
i. বাংলাকে পাকিস্তানের রাষ্ট্র ভাষা করা
ii. জমিদারি প্রথা বিলুপ্ত করা
iii. অবৈতনিক ও বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা প্রবর্তন
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii　খ) i ও iii　গ) ii ও iii　ঘ) i, ii ও iii

**১৭. COP-এর পূর্ণরূপ নাম কী?**
ক) Combine Opposite Party
খ) Combined Opposition Party
গ) Combined Opposite Party
ঘ) Combine Opposition Party

**১৮. ১৯৬৯ সালের গণঅভ্যুত্থানের ফলাফল হলো—**
i. আইয়ুব খানের পদত্যাগ
ii. ইয়াহিয়ার ক্ষমতা গ্রহণ
iii. মোনায়েম খানকে অপসারণ
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii　খ) i ও iii　গ) ii ও iii　ঘ) i, ii ও iii

**১৯. বাংলাদেশের পতাকা কত তারিখে প্রথম উত্তোলন করা হয়?**
ক) ২ মার্চ ১৯৭১　খ) ৩ মার্চ ১৯৭১
গ) ৪ মার্চ ১৯৭১　ঘ) ৫ মার্চ ১৯৭১

**২০. সম্রাট আকবরের সময় বাংলার পরিচয় বহন করে কোনটি?**
ক) বাঙ্গালাহ　খ) সমতট
গ) ত্রিপুরা　ঘ) সুবাহ বাংলা

**২১. অপরাজেয় বাংলার ক্ষেত্রে মিল রয়েছে—**
i. উচ্চতা ১২ ফুট　ii. প্রস্থ ৬ ফুট
iii. ব্যাস ৬ ফুট
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii　খ) i ও iii　গ) ii ও iii　ঘ) i, ii ও iii

**২২. বঙ্গবন্ধু শিক্ষকদের কয় মাসের বকেয়া বেতন পরিশোধ করেন?**
ক) ৬　খ) ৭　গ) ৮　ঘ) ৯

Teachingbd24.com

https://teachingbd24.com

**নিচের উদ্দীপকটি পড়ে ২৩ ও ২৪ নং প্রশ্নের উত্তর দাও:**

সালাম টিভিতে একটি নাটকে দেখে যে, রফিক সাহেব কারাগারে বন্দী। তিনি মানুষের কল্যাণের জন্য লড়াই করেন। তিনি এক বক্তব্যে বলেন, আমি সকল মানুষকে পরাধীনতা থেকে মুক্ত করতে চাই। এটাই আমার ব্রত। ইহা দেখে সালামের মন কেঁদে উঠল।

**২৩. উদ্দীপকে কোন মহান নেতার চরিত্র ফুটে উঠেছে?**
ক) মওলানা ভাসানী
খ) এ কে ফজলুল হক
গ) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান
ঘ) মহাত্মা গান্ধী

**২৪. আলোচ্য নেতার গৃহীত পদক্ষেপ—**
i. পাঁচসালা পরিকল্পনা
ii. সংবিধান প্রণয়ন ১৯৭২
iii. সাধারণ নির্বাচন ১৯৭৩
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**২৫. থানার পরিবর্তে উপজেলা নামকরণ করা হয় কখন?**
ক) ১১ মার্চ ১৯৮৩ খ) ১২ মার্চ ১৯৮৩
গ) ১৩ মার্চ ১৯৮৩ ঘ) ১৪ মার্চ ১৯৮৩

**২৬. ১৯৮৩ সালের ১৮ দফা কর্মসূচির অন্তর্ভুক্ত ছিল—**
i. অন্ন ii. বস্ত্র iii. কর্মসংস্থান
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**২৭. বিজ্ঞানসম্মত ইতিহাসের জনক কে?**
ক) হেরোডোটাস খ) থুকিডাইডেস
গ) ইউরিপিদিস ঘ) এরিস্টোফেনেস

**২৮. পেরিক্লিস যে বিভাগে নাগরিকদের অবাধ অংশগ্রহণের অধিকার প্রতিষ্ঠা করেন—**
i. প্রশাসন
ii. আইন
iii. বিচার বিভাগ
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**২৯. পূর্ববঙ্গে মানুষের খুব প্রিয় খাবার ছিল—**
ক) ভাত ও মাছ খ) মাংস ও সবজি
গ) মাংস ও দুধ ঘ) ইলিশ ও শুঁটকি

**৩০. প্রাচীন বাংলার কুমিল্লা ও নোয়াখালি অঞ্চল নিয়ে কোন জনপদ গঠিত হয়েছিল?**
ক) সমতট খ) হরিকেল গ) পুণ্ড্র ঘ) বরেন্দ্র

**৩১. পাল বংশের পতন ঘটে কার হাতে?**
ক) অজয় সেন খ) বিজয় সেন
গ) লক্ষণ সেন ঘ) বল্লাল সেন

**৩২. 'ইতিহাস' শব্দটির সন্ধি বিচ্ছেদ কোনটি?**
ক) ইতি+হাস খ) ইতিহ+আস
গ) ইতিহ+হাস ঘ) ইতি+আস

**৩৩. প্রাচীন যুগের ছোট অঞ্চলগুলোর শাসন ব্যবস্থা ছিল—**
ক) স্বাধীন খ) কেন্দ্রীয়
গ) প্রাদেশিক ঘ) স্বায়ত্তশাসিত

**৩৪. ঐতিহাসিক হেরোডোটাস কর্তৃক গ্রিস ও পারস্যের মধ্যে যুদ্ধের বিষয় লিপিবদ্ধের কারণ—**
i. যাতে পরবর্তী প্রজন্ম এ ঘটনা ভুলে না যায়
ii. এ বিবরণ তাদের উৎসাহিত করে
iii. তারা দেশপ্রেমে উদ্বুদ্ধ হয়
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**৩৫. গুপ্ত যুগের প্রশাসনিক বিভাগ সম্পর্কে কোনটি সঠিক?**
ক) গ্রাম → বীথি → মণ্ডল → বিষয় → ভুক্তি
খ) ভুক্তি → বিষয় → মণ্ডল → বীথি → গ্রাম
গ) গ্রাম → বীথি → বিষয় → ভুক্তি → মণ্ডল
ঘ) ভুক্তি → মণ্ডল → বীথি → বিষয় → গ্রাম

**নিচের উদ্দীপকটি পড়ে ৩৬ ও ৩৭নং প্রশ্নের উত্তর দাও :**

নুরু মিয়া অনেক জমির মালিক। সে জমিতে চাষাবাদ করে না। ফলে জমিগুলো অনাবাদি রূপ ধারণ করে। হাসু অন্য গ্রাম থেকে এসে বর্গা নিয়ে জমি চাষাবাদ করে। পরবর্তী সময়ে হাসু নুরু মিয়ার সকল জমিই নিজের নামে লিখে নেয়।

**৩৬. উদ্দীপকে নুরু মিয়ার চরিত্রে কোন ভারত বিজেতার চরিত্র ফুটে উঠেছে?**
ক) লর্ড হার্ডিঞ্জ খ) লর্ড ডালহৌসি
গ) আলেকজান্ডার ঘ) মহাত্মা গান্ধী

**৩৭. উক্ত ব্যক্তির বিশ্বে আধিপত্য বিস্তারের মূল কারণ—**
i. সুচতুর সেনাবাহিনী ii. অর্থনৈতিক স্বচ্ছলতা
iii. বীরত্ব
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) ii ও iii গ) i ও iii ঘ) i, ii ও iii

**৩৮. উয়ারী-বটেশ্বরে কত বৎসর পূর্বের ধ্বংসাবশেষ পাওয়া গেছে?**
ক) ২৩০০ খ) ২৪০০ গ) ২৫০০ ঘ) ২৬০০

**৩৯. বাংলা ভাষার উদ্ভব সম্পর্কে কোনটি সঠিক?**
ক) সংস্কৃত → অপভ্রংশ → প্রাকৃত → বাংলা
খ) প্রাকৃত → সংস্কৃত → অপভ্রংশ → বাংলা
গ) সংস্কৃত → প্রাকৃত → অপভ্রংশ → বাংলা
ঘ) অপভ্রংশ → প্রাকৃত → সংস্কৃত → বাংলা

**৪০. নিচের 'Y' চিহ্নিত স্থানে কোন জনপদের নাম বসবে?**




ক) গৌড় খ) বঙ্গ
গ) পুণ্ড্র ঘ) হরিকেল

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | ঘ | ২ | গ | ৩ | গ | ৪ | খ | ৫ | ঘ | ৬ | খ | ৭ | খ | ৮ | খ | ৯ | খ | ১০ | ঘ | ১১ | ক | ১২ | গ | ১৩ | গ | ১৪ | গ | ১৫ | গ | ১৬ | ঘ | ১৭ | খ | ১৮ | ঘ | ১৯ | ক | ২০ | খ |
| | ২১ | খ | ২২ | ঘ | ২৩ | গ | ২৪ | ঘ | ২৫ | ঘ | ২৬ | ঘ | ২৭ | খ | ২৮ | ঘ | ২৯ | ঘ | ৩০ | ক | ৩১ | খ | ৩২ | খ | ৩৩ | ক | ৩৪ | ঘ | ৩৫ | ঘ | ৩৬ | গ | ৩৭ | খ | ৩৮ | গ | ৩৯ | গ | ৪০ | খ |

Teachingbd24.com